

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ২৫


তারিখঃ ২২ জুন, ২০২৫খ্রি.

বিষয়ঃ প্রকল্পের সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয়ের বিপরীতে প্রাপ্ত লভ্যাংশের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির আওতায় নারী সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় লাভজনক খাতে বিনিয়োগের জন্য অত্র দপ্তর থেকে বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে বিভিন্ন উপজেলায় সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় বিভিন্ন ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে সংরক্ষণ করা হয়। সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় তহবিলের স্থায়ী আমানত থেকে অর্জিত লভ্যাংশ হতে সংশ্লিষ্ট সুফলভোগীকে তার জমাকৃত সঞ্চয়ের অনুপাতে প্রতি বছর মুনাফা প্রদানের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক কর্মসূচির অনলাইন সফটওয়্যারে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের বিপরীতে প্রতি বছর ৩% হারে মুনাফা স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট সুফলভোগীদের নামে জমা করা হয়। কর্মসূচির শুরু থেকে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের অর্থ স্থায়ী আমানত হিসাবে সংরক্ষণ করে অর্জিত লভ্যাংশ এবং অর্জিত লভ্যাংশ হতে সুফলভোগীদের সঞ্চয়ের বিপরীতে প্রদত্ত মুনাফা প্রদানের পর সঞ্চয়ের উপর অর্জিত মুনাফার স্থিতির তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ২৯/০৬/২০২৫ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার অনুরোধ করা হলো।

ক্র. নং	উপজেলা	সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় স্থিতির পরিমাণ	সুফলভোগীদের সঞ্চয়ের বিপরীতে মোট অর্জিত লভ্যাংশের পরিমাণ (৩০/০৬/২০২৫ পর্যন্ত)	সুফলভোগীদের সঞ্চয়ের বিপরীতে প্রদানকৃত লভ্যাংশের পরিমাণ (৩০/০৬/২০২৫ পর্যন্ত)	উদ্বৃত্ত লভ্যাংশের পরিমাণ (৩০/০৬/২০২৫ পর্যন্ত)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬(৪-৫)	

বিঃদ্র: যে সকল এফডিআরের মেয়াদপূর্তি হয়নি সেগুলোর লভ্যাংশ হারাহারিভাবে নির্ধারণপূর্বক ৩০/০৬/২০২৫ তারিখে সুফলভোগীদের সঞ্চয়ের বিপরীতে সম্ভাব্য লভ্যাংশ প্রদান ধরে প্রতিবেদন দিতে হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক  
ফোন: ০২৪১০১০৩৪৩  
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (প্রকল্পভুক্ত সকল জেলা)
- প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
- সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)
- অফিস নথি।